

## হিসাব ও নিরীক্ষা এর দায়িত্ব সমূহ

০১. মহাব্যবস্থাপকের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে হিসাব ও নিরীক্ষা শাখার যাবতীয় দৈনন্দিন কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন।
০২. হিসাব ও নিরীক্ষা বিষয় ব্যবস্থাপনাসহ বাজেট প্রণয়ন, আর্থিক ব্যয় নিয়ন্ত্রণ ও নিরীক্ষা শাখা কার্যক্রম সম্পাদন এবং অডিট সংক্রান্ত কার্যাদি, বেতন পরিশোধ, মাঠ পর্যায়ে ঋণ বিনিয়োগ হতে প্রাপ্ত আয়ের হিসাব সংরক্ষণ ও আয় উৎস সৃষ্টির লক্ষ্যে যাবতীয় কার্যাদি সম্পাদন।
০৩. অধস্তন কর্মকর্তাদের বার্ষিক কার্য-সম্পাদক মূল্যায়ন প্রতিবেদন প্রতিবছরের শেষ কার্যদিবসের মধ্যে প্রতিস্বাক্ষরের জন্য মহাব্যবস্থাপক-এর নিকট উপস্থাপন।
০৪. কর্মকর্তা-কর্মচারীদের ভ্রমণভাতা, অধিকাল ভাতা ও যে কোন আর্থিক দাবির যথার্থতা নিরীক্ষাকরণ ও প্রক্রিয়াকরণ।
০৫. ফাউন্ডেশনের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়ের সংশ্লিষ্ট ব্যাংক শাখার বিভিন্ন হিসাব খোলা ও পরিচালনা এবং প্রধান কার্যালয়সহ মাঠ কার্যালয়ের সকল লেনদেনসহ হিসাব সংরক্ষণ।
০৬. কর্মচারীদের ভবিষ্য তহবিল, আনুতোষিকসহ প্রবিধানমালায় অন্তর্ভুক্ত অন্যান্য ভাতাদি প্রক্রিয়াকরণ ও পরিশোধ সংক্রান্ত কার্যাদি, বিভিন্ন ধরনের অগ্রিম প্রদান সংক্রান্ত কার্যাদি ও কর্মচারীদের চূড়ান্ত লেনদেন প্রক্রিয়াকরণ।
০৭. অডিট সংক্রান্ত কার্যাদি সম্পন্নকরণ।
০৮. বার্ষিক অডিট কার্য-সম্পাদনের জন্য প্রতিমাস শেষে মাসিক প্রাপ্তি ও পরিশোধ হিসাব উপ-আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত সময়ে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ ও পরীক্ষান্তে চূড়ান্তকরণ।
০৯. নিরীক্ষা কার্য-সম্পাদনের লক্ষ্যে বছরান্তে প্রতিটি উপ-আঞ্চলিক কার্যালয়ের প্রাপ্তি ও পরিশোধ এবং ব্যালেন্সসিট তৈরিকরণে ফরমেট প্রণয়ন ও মাঠ পর্যায়ে প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
১০. মাঠে প্রেরিত সার্কুলারসমূহ (সংশোধনী ও সংযোজনী) বাৎসরিক সারসংক্ষেপ তৈরি করা এবং ম্যানুয়ালের সংস্করণ তৈরি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
১১. প্রাপ্ত যাবতীয় বিল প্রক্রিয়াকরণ ও পরিশোধের জন্য নথি উপস্থাপন।
১২. ব্যাংক হিসাবের মাসিক একাউন্ট প্রতিবেদন সংগ্রহ করে প্রধান কার্যালয়ে ক্যাশ বহি হিসাবের সংগে রিকন্সিলেশন করা।
১৩. মাসে অন্তত একবার উর্ধ্বতন কর্মকর্তার অনুমোদনক্রমে যে কোন একটি মাঠ অফিসের কার্যক্রম পরিদর্শন ও নিরীক্ষা করতে হবে।
১৪. মৌলিক কম্পিউটার পরিচালনায় জ্ঞান অর্জন করতে হবে।
১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।